



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৯ মার্চ ২০২৪ খ্রি.

ধনী-দরিদ্রের সামাজিক ব্যবধান দূর করে রমজান: মেয়ার রেজাউল

রমজান মাসে ইফতার, সেহরি, যাকাত, ফিতরা কার্যক্রমের মাধ্যমে ধনী-দরিদ্রের সামাজিক ব্যবধান দূর হয়ে সমাজে সাম্যের শিক্ষা প্রতিষ্ঠিত হয় বলে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শুক্রবার কাউন্সিলর লায়ন এম আশরাফুল আলমের উদ্যোগে ৬নং পূর্ব ঘোলশহর ওয়ার্ডে ১ হাজার অসহায় মানুষের মাঝে ঈদবস্তু বিতরণ করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে ঈদবস্তু বিতরণ করেন চট্টগ্রাম সিটি মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। আরো উপস্থিত ছিলেন পূর্ব ঘোলশহর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শামসুল আলম, সাবেক প্রচার ও প্রকাশনা সম্পাদক কফিল উদ্দিন, কাবেদুর রহমান কচি, মোঃ হোসেন, আনোয়ার হোসেন বাবুল, মঞ্জুর হোসেন, নুরুল্লিদিন, দেলোয়ার হোসেন, মোহাম্মদ ইদ্রিস, মোহাম্মদ আলমগীর, জসীমউদ্দীন খন্দকার, নেছার উদ্দিন, নাজমুল আহসান, ফরিদ উদ্দিনসহ যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগ নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়ার বলেন, রমজান মাসে ইফতার, সেহরি, যাকাত, ফিতরা কার্যক্রমের মাধ্যমে ধনী-দরিদ্রের সামাজিক ব্যবধান দূর হয়ে সমাজে সাম্যের শিক্ষা প্রতিষ্ঠিত হয়। ইফতারের মাধ্যমে ধনী-গোষ্ঠী এক কাতারে আসে। স্বচ্ছ মানুষরা উপলক্ষ্য করতে পারে ক্ষুধার্ত মানুষের যত্নণা। সমাজের বিভিন্নদের প্রতি অনুরোধ আপনারাও দরিদ্রদের পাশে দাঁড়ান। ইসলামের সুমহান শিক্ষাকে বুকে ধারণ করে ক্ষুধামুক্ত সমাজ গড়ে তুলি।

মরহুম মো. ইসহাকের স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

৬নং পূর্ব ঘোলশহর ওয়ার্ড আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি মরহুম মো. ইসহাকের স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেন, তৎকালীন কর্মীদের শ্রম-ঘামেই আওয়ামী লীগ জনগণের দল হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। মরহুম ইসহাক আওয়ামী লীগের একজন ত্যাগী নেতা ছিলেন। বর্তমানে যারা আওয়ামী লীগের মাঠ পর্যায়ে রাজনীতি করছেন তাদের জন্য মরহুম ইসহাক একজন স্মরণীয় ব্যক্তিত্ব। সভায় উপস্থিত ছিলেন পূর্ব ঘোলশহর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক লায়ন এম আশরাফুল আলম, সাবেক প্রচার ও প্রকাশনা সম্পাদক কফিল উদ্দিন, কাবেদুর রহমান কচি, মোঃ হোসেন, আনোয়ার হোসেন বাবুল, মঞ্জুর হোসেন, নুরুল্লিদিন, দেলোয়ার হোসেন, মোহাম্মদ ইদ্রিস, মোহাম্মদ আলমগীর, জসীমউদ্দীন খন্দকার, নেছার উদ্দিন, নাজমুল আহসান, ফরিদ উদ্দিনসহ যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগ নেতৃবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮